

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উচ্চ মাধ্যমিক উপবৃত্তি প্রকল্প
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.hssp.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং-এইচএসএসপি/মাঠ পর্যায়ে উঃ বঃ বিঃ/০৯/১৫/ ৭৬৮(৮৮)

তারিখ : ১১.০৭.২০১৯ খ্রি.

বিষয় : ২০১৮-১৯ শিক্ষাবর্ষের একাদশ এবং ২০১৭-১৮ শিক্ষাবর্ষের দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের যথাক্রমে ২য় ও ৪র্থ কিস্তির উপবৃত্তি ও অন্যান্য সুবিধাদির অর্থ উত্তোলন সংগ্রান্ত নির্দেশনা।

উচ্চ মাধ্যমিক উপবৃত্তি প্রকল্পের আওতায় ২০১৮-১৯ এবং ২০১৭-১৮ শিক্ষাবর্ষের যথাক্রমে একাদশ শ্রেণির শিক্ষার্থীদের ২য় এবং দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের ৪র্থ কিস্তির উপবৃত্তি ও অন্যান্য সুবিধাদির অর্থ শিক্ষার্থীর মোবাইল এ্যাকাউন্টে প্রেরণ করা হয়েছে। উপবৃত্তি ও টিউশন ফিসের অর্থ উত্তোলনের বিষয়ে শিক্ষার্থী, প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্টদের নির্দেশনা অনুসরণের জন্য অনুরোধ করা হলো-

- ১। প্রতিষ্ঠানওয়ার উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী তালিকা (ACTSS) সংশ্লিষ্ট মাধ্যমিক শিক্ষা অফিসারের নিকট এ সাথে প্রেরণ করা হলো।
মাধ্যমিক শিক্ষা অফিসার উক্ত তালিকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ করবেন;
- ২। উপবৃত্তিযোগ্য কোন শিক্ষার্থী যদি উপবৃত্তি প্রাপ্তির মেসেজ (মোবাইল এসএমএস) না পেয়ে থাকে অথবা এসএমএস পাওয়ার পরে টাকা তুলতে না পারে, সে সকল শিক্ষার্থীর নাম, অভিভাবকের নাম, আইডি নম্বর এবং সঠিক মোবাইল এ্যাকাউন্ট নম্বরসহ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে প্রকল্প পরিচালক বরাবর আগামী ২৮.০৭.২০১৯ তারিখের মধ্যে আবেদন করতে হবে;
- ৩। শিক্ষার্থী কর্তৃক তার মোবাইল এ্যাকাউন্টে হেরিত টাকা আগামী ৩০.০৭.২০১৯ তারিখের মধ্যে উত্তোলন করতে হবে অথবা উক্ত একাউন্টে লেন-দেনের প্রমাণ রাখতে হবে ;
- ৪। উপজেলা Summary অনুযায়ী শিক্ষার্থীদের বিপরীতে বরাদ্দকৃত টিউশন ফিসের অর্থ সংশ্লিষ্ট অঞ্চলী ব্যাংক শাখায় প্রেরণ করা হয়েছে। উক্ত টিউশন ফিসের অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে প্রদান করে ব্যাংক কর্মকর্তার স্বাক্ষরসহ হিসাববিবরণী প্রকল্প দণ্ডে প্রেরণ করতে হবে।

বর্ণিত নির্দেশনা অনুসরণপূর্বক উপবৃত্তি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য আপনার একান্ত সহযোগিতা কামনা করছি।

৭৬৮
০৭.০৭.১৯

(মুহু মাহবুব রহমান)
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
০২-৯৫৭৫৮০৮

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/মেট্রো লিয়াজোঁ অফিসার
উপজেলা :
জেলা :

স্মারক নং-এইচএসএসপি/মাঠ পর্যায়ে উঃ বঃ বিঃ/০৯/১৫/ ৭৬৮(৮৮-৭৩০)

তারিখ : ১১.০৭.২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যোত্তর ক্রমানুসারে নয়)।

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। অধ্যক্ষ (প্রকল্পভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান সকল)।
- ৩। উপমহাব্যবস্থাপক (পিসিএমডি), অঞ্চলী ব্যাংক লি. প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। উপমহাব্যবস্থাপক, অঞ্চলী ব্যাংক লি.:, প্রধান শাখা, দিলকুশা, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, জেলা :
- ৬। ব্যবস্থাপক, অঞ্চলী ব্যাংক লি.:, শাখা।
- ৭। হেড অব ফিনান্সিয়াল ইনকুশন ডিভিশন, ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড, গুলশান, ঢাকা।
- ৮। সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (প্রতিটি মাউন্টির ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৯। অফিস কপি।

৭৬৮
০৭.০৭.১৯
(শাহানাজ পারভান কাজল)
সহকারী প্রকল্প পরিচালক